গাংনীতে জাতীয় শোক দিবস পালিত

নানা আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে পালিত হচ্ছে জাতীয় শোক দিবস। দিবসটি পালন উপলক্ষে সকালে গাংনী বাসস্ট্যান্ডে পতাকা উত্তোলন করে উপজেলা আওয়ামী লীগ ও অঙ্গ সংগঠন নেতৃবৃন্দ।

সেখানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অপর্ণ শেষে শোক র্যালি করা হয়। পরে উপজেলা পরিষদ চত্ত্বরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অপর্ণ করেন আওয়ামী লীগ নেতৃবৃন্দ। এর পরে উপজেলা মিলনায়তনে শোকসভা ও কাঙ্গালী ভোজ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা আওয়ামী লীগ সভাপতি মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন এবং উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেছুর রহমান মুকুলসহ নেতৃবৃন্দ।

এদিকে সরকারি কর্মসুচীর আওতায় উপজেলা পরিষদ চত্ত্বরে নির্মিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপজেলা প্রশাসনসহ শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে পুষ্পার্ঘ অর্পণ করা হয়।

উপজেলা প্রশাসনের পক্ষে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন। পরে উপজেলা সভাকক্ষে স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবৃুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে অলোচনাসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন,উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা ভুমি কর্মকর্তা ও সহকারি কমিশনার(ভুমি) নাজমুল আলম, সাবেক সাংসদ বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, গাংনী থানার অফিসার উনচার্জ আব্দুর রাজ্জাক,প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীসহ আওয়ামীলীগ ও তার অংগসংগঠনের নেতৃবৃন্দ।

আমঝুপিতে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে যথাযথ মর্যাদায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। আজ সোমবার সকালে আমঝুপি ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয়ের সামনে জাতীয় পতাকা, শোক পতাকা এবং দলীয় পতাকা উত্তোলনের মধ্যদিয়ে দিবসটির সূচনা করা হয়।

পতাকা উত্তোলন করেন বীর মুক্তিযোদ্ধা মতিউর রহমান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বোরহান উদ্দিন আহম্মেদ (চুন্নু)।

এসময় আরও উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আনোয়ার সাদা, ৪নং ওয়ার্ডের সভাপতি আসাদুল হক মুন্টু, সাধারন সম্পাদক খাইরুজ্জামান টুটুল, ৪নং ওয়ার্ডের ইউপি সদস্য মকবুল হোসেন, ৮ নং ওয়ার্ডের ইউপি সদস্য আব্দুল মজিদ, ৮নং ওয়ার্ডের সভাপতি কিতাব আলী,আওয়ামী লীগ নেতা জাকির হোসেন টরি,ফারুক হোসেন, প্রফেসর সাইদুরর হমান, সাবেক ইউপি সদস্য আলফাজ হোসেন।

পতাকা উত্তোলন শেষে প্রধান অতিথির নেতৃত্বে আওয়ামী লীগের দলীয় কার্যালয়ের সামনে থেকে শোক র্যালী বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক গুলো প্রদক্ষিণ করে দলীয় কার্যলয়ের সামনে শেষ হয়। এবং কাঙ্গালী ভোজের আয়োজন করা হয়।

এছাড়াও আমঝুপি মাধ্যামিক বালিকা বিদ্যালয় সূর্যদয়ের সাথে সাথে জাতীয় পতাকা ও শোক পতাকা উত্তোলন করেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাফিজুজ্জামান। আমঝুপি মাধ্যমিক বিদ্যলয়ে পতাকা উত্তোলন করেন প্রধান শিক্ষক আহম্মেদ আলী। আমঝুপি আলিম মাদরাসা পতাকা উত্তোলন করেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক শরিফুল ইসলাম।

দিবসটি যথাযথ পালন উপলক্ষ্যে আমঝুপি মাধ্যামিক বালিকা বিদ্যলয়ে হামদ নাথ, দেয়াল লেখনি, বঙ্গবন্ধু জীবনীর উপর আবৃতি কবিতা ও আলোচনা সভার আয়োজন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যলয়ের সভাপতি বোরহান উদ্দিন আহম্মেদ চুন্নু। এসময় বঙ্গবন্ধু এর জীবনী নিয়ে

বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারি শিক্ষক আবুল হাসান, হাবিবুর রহমান, বশির আহমেদ, রাফিউল ইসলাম, আশাদুল হক,আলহাজ, শাহানাজ খাতুন,নার্গিস চোধুরি, শাহিদা বানু।

গাংনীর কাথুলীতে শোক দিবস পালন

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস পালন করেছেন। আজ সোমবার সকাল ৮.০০ সময় কাথুলী ইউনিয়ন পরিষদে জাতীয় পতাকা উত্তোলন করেন।

এবং শোকাহত মাসে ইউনিয়ন পরিষদের সকলকে নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ পরিবারের নিহত সকলের জন্য দোয়া করেন।

এ সময় কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা উপস্থিত থেকে ইউনিয়ন পরিষদের সকল মেম্বার ও মহিলা মেম্বার দের কে সাথে নিয়ে আজকের দিন শোকের দিন এই দিন নিয়ে আলোচনা করেন।

উপস্থিত ছিলেন ৫ নং ওয়ার্ডের আওয়ামী লীগের সভাপতি মালেক হোসেন ৩ নং ওয়ার্ড আওয়ামী লীগের সেক্রেটারি মশিউর রহমান, ৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সেক্রেটারি ইয়ারুল ইসলাম সহ উপজেলা ছাত্রলীগের সহ সম্পাদক নাজমুল হোসেন জেলা ছাত্র লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক শাহিন আলম সহ অনেকেই উপস্থিত ছিলেন।

দর্শনার গড়াইটুপি ব্রীজ মোড়

থেকে ৩ মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনার গড়াইটুপি ব্রীজ মোড়ে অভিযান চালিয়েছে তিতুদহ ক্যাম্প পুলিশ। এ অভিযানে প্রায় ১ হাজার পিচ ইয়াবাসহ গ্রেফতার করেছে ৩ মাদক ব্যবসায়ীকে।

গ্রেফতারকৃতরা হলেন চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলার মেদেনিপুর গ্রামের মনিরুদ্দিনের ছেলে হাকিম (২৯) একই গ্রামের সামাদ আলীর ছেলে হাসিবুর (২৮) ও উথলী ইউনিয়নের সিংহনগর গ্রামের সামসুদ্দিনের ছেলে ওয়াসিম (২৭)।

পুলিশ জানায়, রোববার দুপুরে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীবের নির্দেশনায় চুয়াডাঙ্গা সদর উপজেলার গড়াইটুপি ব্রীজ মোড়ের রাস্তার উপর মাদক বিরোধী অভিযান চালায় তিতুদহ ক্যাম্প পুলিশ।

এসময় উক্ত স্থানে ৩ জনের দেহ তল্লাশী করে ৯৯০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার সহ তাদেরকে গ্রেফতার করেন।

দর্শনার তিতুদহ ক্যাম্প ইনচার্জ এস,আই আনোয়ারুল ইসলাম জানান, দুপুর দেড় টার দিকে ৪/৫ জন লোক স্থানীয় গড়াইটুপি মোড় দিয়ে যাওয়ার সময় পুলিশ দেখে পালানোর চেস্টা করে।

এ সময় পুলিশ ৩ জনকে ধরে ওদের দেহ তল্লাশি করে ৯৯০পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা সহ তাদেরকে গ্রেফতার করা হয়।

দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদক আইনে মামলা দায়ের সহ তাদেরকে আদালতে প্রেরনের প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুরে অসহায় দরিদ্র

রোগীদের মাঝে ৪৭ লাখ টাকার অনুদানের চেক বিতরণ

মেহেরপুরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হ্রদরোগে আক্রান্ত দরিদ্র অসহায় রোগীদের মাঝে ৪১ লাখ ৫০ হাজার টাকার অনুদানের চেক বিতরণ করা হয়েছে।

রবিবার বিকালে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে এসব রোগীদের মাঝে প্রধান অতিথি হিসেবে অনুদানের এ চেক বিতরণ করেন মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান।

মেহেরপুর জেলার ৮১ জন রোগীর মাঝে জাতীয় সমাজকল্যান পরিষদ ২০২১-২০২২ অর্থ বছরে এ অনুদান বরাদ্দ দেয়। এছাড়া বিভিন্ন রোগে আক্রান্ত ১৩৪ জন দরিদ্র অসহায় রোগীদের মাঝে আরো ৫ লাখ ২৪ হাজার টাকার চেক তুলে দেন তিনি।

মেহেরপুর জেলা সমাজ সেবা অধিদপ্তরের উপপরিচালক কাজী কাদের মোহাম্মদ ফজলে রাব্বীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুদানের চেক বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহীম শাহিন, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টচার্য, মহিলা আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির সদস্য শামীম আরা হীরা।

এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর শহর সমন্বয় পরিষদের সভাপতি আমিনুল ইসলাম খোকন, সহসভাপতি রাহিনুর জামান পলেন প্রমুখ।

দর্শনা পৌরসভায় শোক দিবস

উপলক্ষে প্রস্তুতি সভা

দর্শনায় জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার বেলা ১১ টার দিকে দর্শনা পৌরসভার আয়োজনে এ প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত হয়।

দর্শনা পৌর মেয়র মেয়র মতিয়ার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক ও দামুড়হুদা উপজেলা আ.লীগের সভাপতি মাহফুজুর রহমান মনজু।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, কেরু চিনিকলের মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ শাহাব উদ্দীন, দর্শনা ডিএস ফাজিল মাদ্রাসারার অধ্যক্ষ শফি উদ্দীন, দর্শনা প্রবীণ কমিটির সভাপতি হাজি আকমত আলী, দর্শনা সরকারি কলেজের সহকারি অধ্যাপক নাজিম উদ্দীন।

এছাড়া অনুষ্ঠানে উপস্থিত আলোচনা করেন, বীর মুক্তিযোদ্ধা হাজী এরশাদ আলী মাষ্টার, আব্দুস সবুর, পৌরসভার সহকারী প্রকৌশলী সাজেদুল আলম, আ.লীগ নেতা আতিয়ার রহমান হাবু, জয়নাল আবেদীন নফর, আব্দুল হাকিম, আ.গফুর, কামাল উদ্দিন আহাম্মেদ সান্টু, আ. জলিল, জাহিদুল ইসলাম, ফয়সাল, শিক্ষক হারুন অর রশিদ, আব্দুর রহিম, নাসির উদ্দীন মাষ্টার প্রমূখ।

ঝিনাইদহে রেড ক্রিসেন্ট সোসাইটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে রেড ক্রিসেন্ট সোসাইটির মতবিনিময় সভা অনুষ্ঠিত। রবিবার সকালে রেড ক্রিসেন্ট সোসাইটির ঝিনাইদহ কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান মেজর জেনারেল (অবঃ) এটিএম আব্দুল ওয়াহহাব।

বিশেষ অতিথি ছিলেন, মোঃ নুর উর রহমান, ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি (সাবেক সচিব) রেড ক্রিসেন্ট সোসাইটির ঝিনাইদহ জেলা ইউনিটের ভাইস চেয়ারম্যান মাহমুদুল ইসলাম ফোটন, সেক্রেটারি জেএম রাশীদুল আলম রশীদসহ, নির্বাহী সদস্য শফিকুল ইসলাম শিমুল, সহ ইউনিটের সদস্যবৃন্দ।

মুজিবনগরে আন্তর্জাতিক যুব দিবস পালিত

মুজিবনগরে র্যালী ও আলোচনা সভার মধ্যে দিয়ে আন্তর্জাতিক যুব দিবস পালিত হয়েছে। রবিবার বিকালে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির আয়োজনে এ দিবসটি পালন করা হয়।

দিবসটি উপলক্ষে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিস চত্তর থেকে সিডিপির ম্যানেজার মি.বিভব দেওয়ানের নেতৃত্বে একটি র্যালি বের করা হয়।

র্যালিটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে অফিস চত্তরে এসে শেষ এবং সেখানে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের সিনিয়র এডমিন অফিসার লরেন্স ঢালীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গুড নেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার মি.বিভব দেওয়ান।

আলোচনা সভায় শামিম খানের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সিডিপির সিনিয়র পোগ্রাম অফিসার এস.এম রিফাত আল-মাহমুদ, সিডিপির মেডিকেল অফিসার ডা.ইয়াসিন আল বাসার প্রমুখ। উক্ত অনুষ্ঠানে ৩০ জন যুব সদস্য উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted] (2)[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2021-22) [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]’s [redacted]

[redacted]-22 [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]